



কিশোরগঞ্জে আইনি সহায়তা ও বিকল্প বিরোধ নিষ্পত্তি বিষয়ক সেমিনার

আদালত প্রতিবেদক

কিশোরগঞ্জে সরকারি আইনি সহায়তা কার্যক্রমের সাফল্য ও বিকল্প বিরোধ নিষ্পত্তির কেন্দ্রস্থল "জেলা লিগ্যাল এইড অফিস" বিষয়ক জনসচেতনতামূলক ফলপ্রসূ গত ১০ ফেব্রুয়ারি বুধবার বিকাল সাড়ে চারটায় সেমিনার জেলা ও দায়রা জজ সিনিয়র জেলা ও দায়রা জজ বীর মুক্তিযোদ্ধা মাহবুব-উল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মুজিবুল হক চুল্লু এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য মোঃ আফজাল হোসেন, সংসদ সদস্য রেজওয়ান আহাম্মদ তৌফিক, সংসদ সদস্য মোঃ সোহরাব উদ্দিন ও জেলা পরিষদের প্রশাসক এডভোকেট মোঃ জিল্লুর রহমান। এছাড়াও মুখ্য বিচারিক হাকিম, জেলা সিভিল সার্জন, জেল সুপারসহ জেলার বিজ্ঞ বিচারকবৃন্দ, আইনজীবী এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে যুগ্ম জেলা ও দায়রা জজ জাকির হোসেন খান সরকারি আইনি সহায়তা কার্যক্রমের সাফল্য ও বিকল্প বিরোধ নিষ্পত্তি নিয়ে একটি প্রবন্ধ উপস্থাপন করেন। তাঁর সঞ্চালনায় পরবর্তীতে প্যানেল আইনজীবী, এনজিও'র কর্মকর্তা, সিনিয়র আইনজীবী, জিপি, জেলা আইনজীবী এসোসিয়েশনের সভাপতি ও পিপি, আইনজীবী এসোসিয়েশনের সাধারণ সম্পাদকসহ অনেকেই মতামত ব্যক্ত করেন। প্রধান অতিথির বক্তব্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মুজিবুল হক চুল্লু এমপি বলেন, সরকারি আইনগত সহায়তার কথা আরো বেশি করে প্রচার করতে হবে। যারা দরিদ্র তাদেরকে জানাতে হবে। সংসদ সদস্য মোঃ আফজাল হোসেন বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি ব্যবহার করে আমরা সহজেই কম সময়ে প্রার্থীদের প্রতিকার দিতে পারি। আদালতে নিয়মিত মামলা পরিচালনা করলে প্রচুর সময়ের প্রয়োজন হয়। তিনি লিগ্যাল এইড ও বিকল্প বিরোধ নিষ্পত্তি বিষয়ক একটা অনুষ্ঠান আয়োজনের ইচ্ছা প্রকাশ করেন এবং সেই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সবাইকে অনুরোধ করেন। সংসদ সদস্য রেজওয়ান আহাম্মদ তৌফিক বলেন, আমার এলাকা মিঠামইন থেকে কিশোরগঞ্জে আসতে একদিন সময় লাগে। আদালতে আসতে অর্থ ও সময় প্রচুর ব্যয় হয়। তাই আমি চেষ্টা করব বিকল্পভাবে বিরোধ নিষ্পত্তির জন্য সবাইকে উৎসাহিত করতে। সংসদ সদস্য মোঃ সোহরাব উদ্দিন বলেন, নিয়মিত মামলা পরিচালনা করা সময়সাপেক্ষ বিধায় আমি সবসময় বিকল্প বিরোধ নিষ্পত্তির বিষয়ে জনগণকে সচেতন করি।

সভাপতির বক্তব্যে সিনিয়র জেলা ও দায়রা জজ এবং বীর মুক্তিযোদ্ধা মাহবুব-উল ইসলাম বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সাধারণ জনগণের ন্যায় বিচার প্রতিষ্ঠায় আমাদের সকলের এগিয়ে আসতে হবে। এই ক্ষেত্রে সরকারি আইনি সহায়তা কার্যক্রম ও বিকল্প বিরোধ নিষ্পত্তি সহায়ক। বর্তমান সরকার জনগণের ব্যাপারে খুবই ইতিবাচক। দরিদ্র জনগণকে সহায়তার জন্য দেওয়ানি কার্যবিধির পাপার স্যুটও করা যায়। তিনি সবশেষে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করেন।